'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2023

## SEC1-P1-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) হ্যালহেডের রচিত ব্যাকরণ বইটির নাম লেখো। এই বইটি কত সালে, কোন প্রেস থেকে মুদ্রিত ও প্রকাশিত হয় উল্লেখ করো।

(খ) উইলিয়াম কেরির রচিত ব্যাকরণ বইটির নাম কী ? বইটি কত সালে প্রকাশিত হয় লেখো। এই বইটিতে ব্যাকরণে কয়টি অধ্যায় পাওয়া যায় উল্লেখ করো।

(গ) বাঙালীর রচিত বাংলা ভাষায় প্রথম বাংলা ব্যাকরণ কে রচনা করেছিলেন ? বইটির প্রকাশকালসহ নাম লেখো।

(ঘ) বাক্য কাকে বলে ? বাক্যকে যথাযথভাবে রূপ দিতে হলে কী কী বৈশিষ্ট্য থাকা জরুরি লেখো।

(ঙ) বাক্য কয় প্রকার ও কী কী ? প্রত্যেক প্রকার বাক্যের উদাহরণসহ সংজ্ঞা দাও।

(চ) বাচ্য বলতে কী বোঝো ? বাচ্য কত প্রকার হয় ? যে-কোনো একটির উদাহরণসহ বৈশিষ্ট্য লেখো।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ODBL কার লেখা ? বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাসে তাঁর গুরুত্ব লেখো।

(খ) বাংলা ব্যাকরণ চর্চায় হ্যালহেডের গুরুত্ব আলোচনা করো।

(গ) উইলিয়াম কেরি কোন প্রয়োজনীয়তার জন্য ব্যাকরণ লিখেছিলেন ? তাঁর রচিত ব্যাকরণ বই বাংলা গদ্যে কতখানি বিশিষ্টতার দাবিদার আলোচনা করো।

(ঘ) লিঙ্গ কথাটির অর্থ কী ? বাংলা ভাষায় কয়টি লিঙ্গ আছে ? প্রত্যেক প্রকারের নাম উল্লেখ করে উদাহরণ দাও।

(ঙ) বাংলা ভাষায় পুরুষ কত প্রকার উদাহরণসহ লেখো। মধ্যম পুরুষ কাকে বলে ? এটি কয়টি শ্রেণিতে বিভক্ত ? প্রকারভেদগুলির উদাহরণসহ নাম লেখো।

(চ) সাধু ভাষা থেকে চলিত ভাষায় রূপান্তর করোঃ

"তিনি অশ্রুপূর্ণ নয়নে বিষণ্ণবদনে বার বার দীর্ঘশ্বাস ফেলিতেছেন। তিনি যেন সন্দেহাকুল স্মৃতি, নিপতিত সমৃদ্ধি, বিনত শ্রদ্ধা, প্রতিহত আশা, মিথ্যা অপবাদগ্রস্ত কীর্তি। হনুমান অনুমান করিলেন, ইনিই সীতা, কারণ রাম যে সকল ভূষণের কথা বলিয়াছেন তাহা ইঁহার অঙ্গে রহিয়াছে, অন্যান্য ভূষণ ও উত্তরীয় যাহা ঋষ্যমূকে ফেলিয়া দিয়াছেন তাহা নাই।"

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাসে রামমোহন রায়ের অবদান আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর কেন বাংলা ব্যাকরণ চর্যার ইতিহাসে স্মরণীয়, তা উল্লেখ করো।

(গ) আধুনিক বাংলা ব্যাকরণে সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

(ঘ) গঠন অনুসারে বাক্যকে কয়টি ভাগে ভাগ করা যায় ? প্রত্যেক ভাগের উদাহরণসহ শ্রেণীবিন্যাস করো।

——×——